

গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবার পরিকল্পনা অধিদপ্তর
পরিকল্পনা ইউনিট
৬, কাওরানবাজার, ঢাকা।

স্মারক নং - পপঅ/পরি/এনজিও নীতিমালা /০১/০৪/ ৬৬৮

তারিখঃ ২২/০৭/২০১৭ খ্রিঃ

অসরকারী সংস্থার অধিভুক্তিকরণ নীতিমালা

পরিবার পরিকল্পনা, মা-শিশু ও কিশোর কিশোরীদের স্বাস্থ্য সেবা এবং পুষ্টি কার্যক্রমের সঙ্গে সংশ্লিষ্ট অসরকারী ও স্বেচ্ছাসেবী সংস্থাসমূহকে নিম্নোক্ত শর্তাদি পূরণ সাপেক্ষে পরিবার পরিকল্পনা অধিদপ্তরে অধিভুক্তি করা (Affiliation) হবে।

শর্তসমূহঃ

১। সকল অসরকারী সংস্থাকে অধিভুক্তির জন্য সংশ্লিষ্ট উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তার মাধ্যমে সংস্থার নিজস্ব প্যাডে অধিদপ্তরের নির্ধারিত আবেদন ফরম অনুযায়ী মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর বরাবর আবেদন করতে হবে। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, অধিভুক্তির জন্য আবেদনকারী অসরকারী সংস্থাটির সকল কাগজ পত্র (ফরমেট অনুযায়ী সংস্থার আবেদন, গঠনতন্ত্র, সর্বশেষ যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত নির্বাহী কমিটির তালিকা, কার্যক্রম মূল্যায়ন প্রতিবেদন, অধিভুক্তি নবায়ন কমিটির সুপারিশ, অধিভুক্তি নবায়নের ফি বাবদ প্রদত্ত ট্রেজারী চালানের কপি, অর্থায়ন সংক্রান্ত তথ্য, পূর্ববর্তী এক বছরের নিরীক্ষা প্রতিবেদন) সংযুক্ত করে অধিভুক্তিকরণের পক্ষে/বিপক্ষে সুস্পষ্ট মতামতসহ সংশ্লিষ্ট জেলার উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা'র বরাবরে প্রেরণ করবেন এবং জেলার উপ-পরিচালক, সুনির্দিষ্ট মতামতসহ মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর বরাবর প্রেরণ করবেন। সংশ্লিষ্ট জেলার উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা'র মাধ্যম/সুপারিশ ব্যতিত কোন সংস্থার অধিভুক্তিকরণের জন্য অধিদপ্তরের সাথে সরাসরি যোগাযোগ গ্রহণযোগ্য হবে না।

২। আবেদনকারী সংস্থাকে সমাজকল্যাণ অধিদপ্তর /এনজিও বিষয়ক ব্যুরো / রেজিস্টার জয়েন্ট স্টক কোম্পানির (যে কোন একটি প্রতিষ্ঠান) হতে নিবন্ধিত হতে হবে। আবেদনের সাথে কমপক্ষে যে কোন একটি নিবন্ধন সনদের সত্যায়িত ছায়াছবি সংযুক্ত করতে হবে।

৩। অধিভুক্তিকরণের জন্য সংস্থার নির্বাহী কমিটি কর্তৃক পরিবার পরিকল্পনা, মা-শিশু ও কিশোর কিশোরীদের স্বাস্থ্য সেবা এবং পুষ্টি কার্যক্রমের লক্ষ্যে গৃহীত সিদ্ধান্তের কপি/কার্যবিবরণী আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

৪। অধিভুক্তির জন্য অধিভুক্তি ফি বাবদ ২,০০০/- (দুই হাজার) টাকা ট্রেজারী চালানের কোড নং ১-২৭৮১ ০০০০-১৮৩৬ এ জমাদান পূর্বক জমার স্বপক্ষে স্থানীয় ট্রেজারীর প্রত্যয়নপত্র গ্রহণ করে (সিটিআর) সংশ্লিষ্ট উপজেলা পরিবার পরিকল্পনা কর্তৃক সত্যায়িত ছায়াছবি আবেদনপত্রের সঙ্গে সংযোজন করতে হবে।

৫। পরিবার পরিকল্পনা অধিদপ্তরের সাথে অধিভুক্তির পর যদি কোন অসরকারী সংস্থা এলাকা সম্প্রসারণ কিংবা নতুন ক্লিনিক পরিচালনা করতে আগ্রহী হয়, তাহলে বিদ্যমান নীতিমালা অনুযায়ী অনুমোদন নিতে হবে। এক্ষেত্রে সংশ্লিষ্ট জেলায় কর্মরত একই অসরকারী সংস্থার অন্য ক্লিনিকের সাথে অনুমোদনের সময়কাল সমন্বয় করা হবে।

৬। সংস্থার কার্যক্রম পরিচালনার জন্য দাতা সংস্থা কর্তৃক দেয় অঙ্গীকার পত্রে (commitment for fund) (যদি থাকে) অর্থের পরিমাণ ও সহযোগিতার মেয়াদ উল্লেখ করতে হবে। দাতা সংস্থার অঙ্গীকার না থাকলে নিজস্ব অর্থায়নের ক্ষেত্রে অর্থের উৎস সম্বলিত সকল প্রমাণাদি এবং সংস্থার পরিচালনা ব্যয় নির্বাহের খাতওয়ারী বিবরণ ও হালনাগাদ টিআইএন (TIN) নম্বরের সনদ পত্র দাখিল করতে হবে।

স্বাক্ষর

স্বাক্ষর

৭। আবেদন পত্রের সাথে সংস্থার অগ্রীম ০৩(তিন) বছরের সেবা ভিত্তিক কর্মপরিকল্পনা পরিবার পরিকল্পনা অধিদপ্তরের বিদ্যমান নীতিমালার সাথে সামঞ্জস্য রেখে দাখিল করতে হবে। সেইসাথে সংস্থার মাসিক প্রাক্কলিত জন্মনিরোধক দ্রব্য সামগ্রীর পদ্ধতি ভিত্তিক চাহিদার পরিমাণ উল্লেখ করতে হবে।

৮। কমিউনিটি বেইজড ডিস্ট্রিবিউশন (সিবিডি) কার্যক্রমের জন্য সংশ্লিষ্ট উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা কর্তৃক বণ্টনকৃত ও সংশ্লিষ্ট উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা কর্তৃক সুপারিশকৃত নিম্নলিখিত ছক অনুযায়ী এলাকা বরাদ্দপত্র (ক্লিনিক্যাল কার্যক্রম পরিচালনাকৃত কোন সংস্থার যদি সিবিডি কার্যক্রম পরিচালনা করতে চায় তার ক্ষেত্রেও প্রযোজ্য হবে) প্রেরণ করতে হবে। যে সব এলাকা বণ্টন করা হবে সেখানে পরিবার কল্যাণ সহকারী (FWA) আছে কি-না, থাকলে অসরকারী সংস্থাকে পরিবার কল্যাণ সহকারী (FWA)'র জন্য নির্দিষ্ট এলাকা কেন বণ্টন করা হলো তার যৌক্তিকতা উল্লেখ করতে হবে। সংস্থাকে বাড়ী পরিদর্শনভিত্তিক সেবা (domiciliary service) দেয়ার অঙ্গীকার পত্র আবেদন পত্রের সাথে জমা দিতে হবে। সিবিডি কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট অসরকারী সংস্থাকে সরকারী নীতিমালা (FWA রেজিস্টার) অনুযায়ী সক্ষম দম্পতি রেজিস্ট্রেশন ও সেবা প্রদান করতে হবে।

জেলা/ উপজেলার নাম	সিটি কর্পোরেশন /পৌরসভা/ ইউনিয়নের নাম	ওয়ার্ড/ ইউনিটের নম্বর	এনজিও কর্মীর নাম	গ্রামের নাম	সংস্থার মাঠকর্মীকে বণ্টন যোগ্য সক্ষম দম্পতির সংখ্যা	FWA'র সক্ষম দম্পতির সংখ্যা	সংশ্লিষ্ট এলাকার মোট সক্ষম দম্পতির সংখ্যা

৯। বণ্টনকৃত এলাকায় একের অধিক কোন অসরকারী সংস্থাকে কাজ করতে দেয়া যাবে না। তবে জনসংখ্যা ও সেবা চাহিদার পরিপ্রেক্ষিতে এবং স্থানীয় কর্তৃপক্ষের বিবেচনাক্রমে, জনসংখ্যা ৬০০০(ছয় হাজার) এর অধিক হলে একাধিক ক্লিনিক/ সংস্থা থাকতে পারে।

১০। ক) সিটি কর্পোরেশন/পৌরসভা/ইউনিয়নে অসরকারী সংস্থাকে পরিবার পরিকল্পনা অধিদপ্তরের অধীনে সিবিডি কার্যক্রম পরিচালনার জন্য অধিভুক্তির ক্ষেত্রে সুপারিশ করার পূর্বে নিম্নোক্ত অধিভুক্তিকরণ সুপারিশ কমিটি সংশ্লিষ্ট সংস্থার কার্যক্রম সরেজমিনে পরিদর্শন পূর্বক প্রতিবেদন দাখিল করবেন।

- উপজেলা পর্যায়ে অবস্থিত পৌরসভা এবং ইউনিয়নে সিবিডি কার্যক্রম পরিচালনার জন্য অধিভুক্তিকরণ সুপারিশ কমিটি :
 - ক. উপজেলা চেয়ারম্যান - সভাপতি।
 - খ. মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি) - সদস্য
 - গ. সহকারী পরিবার পরিকল্পনা কর্মকর্তা - সদস্য
 - ঘ. সহকারী পরিবার কল্যাণ কর্মকর্তা (এমসিএইচ-এফপি) - সদস্য
 - ঙ. উপজেলা/থানা পরিবার পরিকল্পনা কর্মকর্তা - সদস্য সচিব।
- সিটি কর্পোরেশন এবং জেলা সদরে অবস্থিত পৌরসভায় সিবিডি কার্যক্রম পরিচালনার জন্য অধিভুক্তিকরণ সুপারিশ কমিটি নিম্নরূপ :
 - ক. উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা - সভাপতি।
 - খ. সহকারী পরিচালক, পরিবার পরিকল্পনা - সদস্য।
 - গ. সহকারী পরিচালক, (সিসি) - সদস্য।
 - ঘ. মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি), সদর/সংশ্লিষ্ট উপজেলা, সদস্য।
 - ঙ. উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সদর/সংশ্লিষ্ট উপজেলা- সদস্য সচিব।



খ) সিটি কর্পোরেশন/পৌরসভা/ইউনিয়নে অসরকারী সংস্থাকে পরিবার পরিকল্পনা অধিদপ্তরের সিবিডি ও ক্লিনিক্যাল কার্যক্রম পরিচালনার জন্য অধিভুক্তির ক্ষেত্রে সুপারিশ করার সময় নিম্নোক্ত কমিটি সংশ্লিষ্ট অসরকারী সংস্থার কার্যক্রম সরেজমিনে পরিদর্শনপূর্বক প্রতিবেদন দাখিল করবেন।

- উপজেলা পর্যায়ে অবস্থিত পৌরসভা এবং ইউনিয়নে ক্লিনিক্যাল কার্যক্রম পরিচালনার জন্য অধিভুক্তিকরণ সুপারিশ কমিটি নিম্নরূপ :
 - ক. উপজেলা চেয়ারম্যান - সভাপতি।
 - খ. উপজেলা/থানা পরিবার পরিকল্পনা কর্মকর্তা - সদস্য
 - গ. সহকারী পরিবার পরিকল্পনা কর্মকর্তা - সদস্য
 - ঘ. সহকারী পরিবার কল্যাণ কর্মকর্তা (এমসিএইচ-এফপি) - সদস্য
 - ঙ. মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি) - সদস্য সচিব।
- সিটি কর্পোরেশন এবং জেলা সদরে অবস্থিত পৌরসভায় ক্লিনিক্যাল কার্যক্রম পরিচালনার জন্য অধিভুক্তি সুপারিশ কমিটি নিম্নরূপ :
 - ক. উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা - সভাপতি।
 - খ. সহকারী পরিচালক, পরিবার পরিকল্পনা - সদস্য।
 - গ. সহকারী পরিচালক, (সিসি) - সদস্য।
 - ঘ. উপজেলা/থানা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সদর/ সংশ্লিষ্ট উপজেলা, সদস্য।
 - ঙ. মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি), সদর/ সংশ্লিষ্ট উপজেলা - সদস্য সচিব।

১১। ক্লিনিক্যাল কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে অধিভুক্তির জন্য উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা সংশ্লিষ্ট জেলার জেলা টেকনিক্যাল কমিটির সভার কার্যবিবরণী মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর বরাবর প্রেরণ করবেন।

১২। অধিভুক্তি প্রাপ্তির পর সংস্থাটিকে প্রতি ০২ (দুই) বছর পর পর অধিভুক্তি নবায়ন করতে হবে। এ ক্ষেত্রে বর্ষ পূঞ্জির পরিবর্তে আর্থিক বছর (জুলাই - জুন) গণ্য করা হবে। পরিবার পরিকল্পনা অধিদপ্তরের সাথে অধিভুক্তিহীন বা মেয়াদ-উত্তীর্ণ কোন সংস্থা বরাবর কোন ঔষধ বা জন্মনিয়ন্ত্রণ সামগ্রী সরবরাহ করা যাবে না। তবে কর্মসূচীর স্বার্থে এবং বিশেষ ক্ষেত্রে উপ-পরিচালক, পরিবার পরিকল্পনার অনুমোদন সাপেক্ষে ন্যূনতম ৩ মাস পর্যন্ত ঔষধ বা জন্মনিয়ন্ত্রণ সামগ্রী সরবরাহ করা যেতে পারে।

১৩। অধিভুক্তি প্রাপ্তির পর মেয়াদ শেষ হবার ন্যূনতম ৪ মাস পূর্বে পুনরায় অধিভুক্তি নবায়নের জন্য সংস্থাটিকে মহা-পরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর বরাবর সংশ্লিষ্ট উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়ে সংস্থার কার্যক্রম মূল্যায়ন প্রতিবেদন এবং প্রয়োজনীয় তথ্যাদিসহ আবেদনপত্র দাখিল করতে হবে। সংশ্লিষ্ট উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয় হতে ১ মাসের মধ্যে জেলা পরিবার পরিকল্পনা কার্যালয় এবং জেলা পরিবার পরিকল্পনা কার্যালয় ২ মাসের মধ্যে (ক্লিনিক্যাল কার্যক্রমের ক্ষেত্রে জেলা টেকনিক্যাল কমিটির কার্যবিবরণীসহ) নবায়নের সকল তথ্যাদি পরিবার পরিকল্পনা অধিদপ্তরে অর্পণ করবেন। পরিবার পরিকল্পনা অধিদপ্তরের পরিকল্পনা ইউনিট ১ মাসের মধ্যে অনুমোদন প্রক্রিয়া সমাপ্ত করবে। তবে সংস্থাটি যদি সময়মত আবেদন করতে ব্যর্থ হয়, তবে প্রতি মাসের জন্য ক্লিনিক প্রতি নবায়ন ফির অতিরিক্ত ফি হিসেবে এক চতুর্থাংশ (৫০০/- টাকা) বিলম্ব ফি (late fee) প্রদান করতে হবে।

১৪। অধিভুক্তি প্রাপ্ত সংস্থা তার কার্যক্রমের মাসিক প্রতিবেদন পরিবার পরিকল্পনা অধিদপ্তরের প্রয়োজ্য এমআইএস ফরম পূরণপূর্বক সংশ্লিষ্ট উপজেলার উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়ে প্রেরণ করবে।

১৫। পরিবার পরিকল্পনা অধিদপ্তরের সাথে অধিভুক্ত সকল অসরকারী সংস্থাকে রোগী কিংবা ক্লায়েন্ট সরকারী সেবা কেন্দ্র (MCWC,UHC,UH&FWC) অথবা এ অধিদপ্তরের সাথে অধিভুক্ত ক্লিনিক বা সেবা কেন্দ্রে প্রেরণ/রেফার করতে হবে।

৩

১৬. দীর্ঘ ও স্থায়ী পদ্ধতি (LAPM) সেবা প্রদানকারী অসরকারী সংস্থাকে স্থানীয় পর্যায়ে হতে প্রজেকশন দেওয়া যাবে। যে সকল অসরকারী সংস্থা ইমপ্রেস্ট ফান্ড গ্রহণ করবে, সে সকল সংস্থাকে সরকারী নীতিমালা অনুযায়ী ব্যয় নির্বাহ করতে হবে। এক্ষেত্রে ক্লায়েন্ট ও রেফারকারীকে কোন অতিরিক্ত/অগ্রীম ভাতা প্রদান করা যাবে না। পরিবার পরিকল্পনা পদ্ধতির জন্য প্রদত্ত ভাতার হার সম্বলিত তালিকা দৃশ্যমান স্থানে টাঙানো/প্রদর্শনের ব্যবস্থা থাকতে হবে।

১৭. অসরকারী সংস্থাকে পরিবার পরিকল্পনা অধিদপ্তরের প্রদত্ত নীতিমালা অনুসরণপূর্বক কার্যক্রম পরিচালনা করতে হবে। তবে কোন সংস্থার বিরুদ্ধে কোন অভিযোগ উত্থাপিত হলে অধিদপ্তর তদন্ত পরিচালনা করে অধিভুক্তিকরণ বাতিল বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করতে পারবে। এক্ষেত্রে মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর চূড়ান্ত ক্ষমতা সংরক্ষণ করেন।

এ আদেশ জারীর তারিখ হতে অত্র অধিদপ্তর কর্তৃক এতদসংক্রান্ত পূর্বের প্রজ্ঞাপন অকার্যকর বলে গণ্য হবে।



কাজী মোস্তফা সারোয়ার

মহাপরিচালক

পরিবার পরিকল্পনা অধিদপ্তর

ফোন : ৯১১৮৯০৩

স্মারক নং: পপঅ/পরি/এনজিও নীতিমালা /০১/০৪/ ৩৬৮/২(১৬৮৩) তারিখ: ২২/০৭/২০১৭ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

- ১। পরিচালক/ লাইন ডাইরেক্টর (সকল) অত্র অধিদপ্তর।
- ২। বিভাগীয় পরিচালক, পরিবার পরিকল্পনা (সকল)..... বিভাগ।
- ৩। জেলা প্রশাসক ও সভাপতি জেলা পরিবার পরিকল্পনা কমিটি (সকল), জেলা।
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা/ স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৫। সিভিল সার্জন ও সভাপতি জেলা টেকনিক্যাল কমিটি (সকল) জেলা।
- ৬। উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা, (সকল)..... জেলা।
- ৭। সহকারী পরিচালক (পঃ পঃ)/সহকারী পরিচালক(সিসি), (সকল)..... জেলা।
- ৮। রিজিওনাল কনসালটেন্ট ও জেলা কনসালটেন্ট (এফপিসিএসটিকিউআইটি) (সকল).....।
- ৯। উপজেলা নির্বাহী কর্মকর্তা (সকল) উপজেলা..... জেলা.....।
- ১০। থানা/ উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা / মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি) (সকল),
উপজেলা জেলা।
- ১১। নির্বাহী পরিচালক,।
- ১২। জনাব.....।
- ১৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, অত্র অধিদপ্তর।
- ১২। অফিস কপি।



(এ কে এম মাহবুবুর রহমান জোয়ার্দার)

যুগ্ম-সচিব

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

পরিচালক (পরিকল্পনা) ও

লাইন ডাইরেক্টর (PME)

ফোন : ৯১৪২২৯৩

g-mail: dirplandfp@gmail.com

গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবার পরিকল্পনা অধিদপ্তর
পরিকল্পনা ইউনিট
৬, কাওরানবাজার, ঢাকা।

স্মারক নং : পপঅ/পরি/এনজিও নীতিমালা /০১/০৪/ ৩৬৯

তারিখ : ২১/০৭/২০১৭ খ্রিঃ

অসরকারী সংস্থার অধিভুক্তি নবায়ন নীতিমালা

পরিবার পরিকল্পনা, মা-শিশু ও কিশোর কিশোরীদের স্বাস্থ্য সেবা এবং পুষ্টি কার্যক্রমের সঙ্গে সংশ্লিষ্ট বেসরকারী ও স্বেচ্ছাসেবী সংস্থা সমূহকে নিম্নোক্ত শর্তাদি পূরণ সাপেক্ষে পরিবার পরিকল্পনা অধিদপ্তরের অধিভুক্তি নবায়ন করা হবে।

শর্তসমূহ :

১ সকল অসরকারী সংস্থাকে অধিভুক্তি নবায়নের জন্য সংশ্লিষ্ট উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তার মাধ্যমে সংস্থার নিজস্ব প্যাডে অধিদপ্তরের নির্ধারিত আবেদন ফরম অনুযায়ী মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর বরাবর আবেদন করতে হবে। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা অধিভুক্তি নবায়নের জন্য আবেদনকারী অসরকারী সংস্থাটির সকল কাগজ পত্র (ফরমেট অনুযায়ী সংস্থার আবেদন, গঠনতন্ত্র, সর্বশেষ যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত নির্বাহী কমিটির তালিকা, কার্যক্রম মূল্যায়ন প্রতিবেদন, অধিভুক্তি নবায়ন কমিটির সুপারিশ, অধিভুক্তি নবায়নের ফি হিসেবে প্রাপ্ত ট্রেজারী চালনের কপি, অর্থায়ন সংক্রান্ত তথ্য, পূর্ববর্তী এক বছরের নিরীক্ষা প্রতিবেদন) সংযুক্ত করে অধিভুক্তি নবায়নের পক্ষে/বিপক্ষে সুস্পষ্ট মতামতসহ সংশ্লিষ্ট জেলার উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা বরাবর প্রেরণ করবেন এবং উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর বরাবর প্রেরণ করবেন। সংশ্লিষ্ট জেলার উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা'র মাধ্যম/সুপারিশ ব্যতিত কোন সংস্থা অধিভুক্তিকরণের জন্য অধিদপ্তরের সাথে সরাসরি যোগাযোগ গ্রহণযোগ্য হবে না।

২। আবেদনকারী সংস্থাকে সমাজকল্যাণ অধিদপ্তর/এনজিও বিষয়ক ব্যুরো/রেজিস্টার জয়েন্ট স্টক কোম্পানির (যে কোন একটি প্রতিষ্ঠান) হতে নিবন্ধিত হতে হবে। আবেদনের সাথে কমপক্ষে যে কোন একটি নিবন্ধন সনদের সত্যায়িত ছায়াকপি সংযুক্ত করতে হবে।

৩। সংস্থার কার্যক্রম পরিচালনার জন্য দাতা সংস্থা কর্তৃক দেয় অঙ্গীকার পত্রে (commitment for fund) অর্থের পরিমাণ ও সহযোগিতার মেয়াদ উল্লেখ করতে হবে। দাতা সংস্থার অঙ্গীকার না থাকলে নিজস্ব অর্থায়নের ক্ষেত্রে অর্থের উৎস সম্বলিত সকল প্রমাণাদি এবং সংস্থার পরিচালনা ব্যয় নির্বাহের খাতওয়ারী বিবরণ ও হালনাগাদ ইটিআইএন (E-TIN) নম্বরের সনদ পত্র দাখিল করতে হবে।

৪। ক্লিনিক্যাল কার্যক্রম পরিচালনার জন্য আবেদনকারী সংস্থাটিকে ০২ (দুই) বছরের জন্য ক্লিনিক প্রতি নবায়ন ফি বাবদ ২০০০/- টাকা ও সিবিডি কার্যক্রম পরিচালনার জন্য জেলাভিত্তিক ১০০০/- (এক হাজার) টাকা ট্রেজারী চালানের কোড নং ১-২৭৮১-০০০০-১৮৩৬ এ জমাদান পূর্বক জমার স্বপক্ষে স্থানীয় ট্রেজারী প্রত্যয়ন পত্র গ্রহণ করে (সিটিআর) সংশ্লিষ্ট উপজেলার উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা কর্তৃক সত্যায়িত ছায়ালিপি আবেদন পত্রের সাথে সংযোজন করতে হবে।

৫। পরিবার পরিকল্পনা অধিদপ্তরের সাথে অধিভুক্তির পর কোন অসরকারী সংস্থা তার এলাকা সম্প্রসারণ কিংবা নতুন ক্লিনিক পরিচালনা করতে চায়, সেক্ষেত্রে বিদ্যমান নীতিমালা অনুযায়ী অনুমোদন নিতে হবে। এক্ষেত্রে ইতোপূর্বে অনুমোদিত কর্ম এলাকা বা ক্লিনিকের মেয়াদের সাথে সামঞ্জস্য রেখে নতুন অনুমোদনের সময়কাল সমন্বয় করা হবে।

৬। আবেদনপত্রের সাথে সংস্থার অগ্রীম ০২ বছরের সেবা ভিত্তিক কর্মপরিকল্পনা পরিবার পরিকল্পনা অধিদপ্তরের বিদ্যমান নীতিমালার সাথে সামঞ্জস্য রেখে দাখিল করতে হবে। সেইসাথে সংস্থার মাসিক প্রাক্কলিত জন্মনিরোধক দ্রব্য সামগ্রীর পদ্ধতি ভিত্তিক চাহিদার পরিমাণ উল্লেখ করতে হবে।

১০

১

৭। অধিভুক্তি কিংবা অধিভুক্তি নবায়নের মেয়াদ শেষ হবার ন্যূনতম ৪ মাস আগে পুনরায় অধিভুক্তি নবায়নের জন্য সংস্থাটিকে মহা-পরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর বরাবর সংশ্লিষ্ট উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়ে সংস্থার কার্যক্রম মূল্যায়ন প্রতিবেদন এবং প্রয়োজনীয় তথ্যাদিসহ আবেদনপত্র দাখিল করতে হবে। সংশ্লিষ্ট উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয় হতে ১ মাসের মধ্যে জেলা পরিবার পরিকল্পনা কার্যালয় এবং জেলা পরিবার পরিকল্পনা কার্যালয় ২ মাসের মধ্যে (ক্লিনিক্যাল কার্যক্রমের ক্ষেত্রে জেলা টেকনিক্যাল কমিটির কার্যবিবরণীসহ) নবায়নের সকল তথ্যাদি পরিবার পরিকল্পনা অধিদপ্তরে অধ্যয়ন করবেন। পরিবার পরিকল্পনা অধিদপ্তরের পরিকল্পনা ইউনিট ১ মাসের মধ্যে অনুমোদন প্রক্রিয়া সমাপ্ত করবে। তবে সংস্থাটি যদি সময়মত আবেদন করতে ব্যর্থ হয়, তবে প্রতি মাসের জন্য ক্লিনিক প্রতি নবায়ন ফি'র এক চতুর্থাংশ (৫০০/- টাকা) বিলম্ব ফি (late fee) প্রদান করতে হবে।

৮। অধিভুক্তির পর যদি কোন সংস্থা এলাকা সম্প্রসারণ বা নতুন ক্লিনিক পরিচালনা করতে চায়, তাহলে নবায়নের জন্য আবেদনের সময় সুনির্দিষ্টভাবে তা উল্লেখ করতে হবে। কমিউনিটি বেইজড ডিস্ট্রিবিউশন (সিবিডি) কার্যক্রমের জন্য সংশ্লিষ্ট উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা কর্তৃক সুপারিশকৃত ও সংশ্লিষ্ট উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা কর্তৃক অনুমোদিত নিম্নলিখিত ছক অনুযায়ী এলাকা বরাদ্দপত্র (ক্লিনিক্যাল কার্যক্রম পরিচালনাকৃত কোন সংস্থার যদি সিবিডি কার্যক্রম পরিচালনা করতে চায় তার ক্ষেত্রেও প্রযোজ্য হবে) প্রেরণ করতে হবে। যে সব এলাকা বন্টন করা হবে সেখানে FWA'র নির্দিষ্ট এলাকা কেন বন্টন করা হলো তার যৌক্তিকতা উল্লেখ করতে হবে। সংস্থার বাড়ী পরিদর্শনভিত্তিক সেবা (domiciliary service) দেয়ার অঙ্গীকারপত্র আবেদনপত্রের সাথে জমা দিতে হবে।

জেলা/ উপজেলার নাম	সিটি কর্পোরেশন/ পৌরসভা/ ইউনিয়নের নাম	ওয়ার্ড/ ইউনিটের নম্বর	এনজিও কর্মীর নাম	গ্রামের নাম	সংস্থার মাঠকর্মীকে দেয়ার যোগ্য সক্ষম দম্পতির সংখ্যা	FWA'র সক্ষম দম্পতির সংখ্যা	সংশ্লিষ্ট এলাকার মোট সক্ষম দম্পতির সংখ্যা

৯। বন্টনকৃত এলাকায় একের অধিক কোন অসরকারী সংস্থাকে কাজ করতে দেয়া যাবে না। তবে জনসংখ্যা ও সেবা চাহিদার পরিপ্রেক্ষিতে এবং স্থানীয় কর্তৃপক্ষের বিবেচনাক্রমে, জনসংখ্যা ৬০০০ (ছয় হাজার) এর অধিক হলে একাধিক ক্লিনিক/ সংস্থা থাকতে পারে।

১০। ক) সিটি কর্পোরেশন/পৌরসভা/ইউনিয়নে অসরকারী সংস্থা সমূহের পরিবার পরিকল্পনা অধিদপ্তরের অধীনে সিবিডি কার্যক্রম পরিচালনার জন্য অধিভুক্তি নবায়নের ক্ষেত্রে, সুপারিশ করার পূর্বে নিম্নোক্ত কমিটি সংশ্লিষ্ট সংস্থার কার্যক্রম সরেজমিনে পরিদর্শন পূর্বক প্রতিবেদন দাখিল করবেনঃ

❖ উপজেলা পর্যায়ে অবস্থিত পৌরসভা এবং ইউনিয়নে সিবিডি কার্যক্রম পরিচালনার জন্য অধিভুক্তি নবায়নের কমিটিঃ

- ক. উপজেলা নির্বাহী কর্মকর্তা - সভাপতি
- খ. মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি) - সদস্য
- গ. সহকারী পরিবার পরিকল্পনা কর্মকর্তা - সদস্য
- ঘ. সহকারী পরিবার কল্যাণ কর্মকর্তা (এমসিএইচ-এফপি) - সদস্য
- ঙ. উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা - সদস্য সচিব।

❖ সিটি কর্পোরেশন এবং জেলা সদরে অবস্থিত পৌরসভায় সিবিডি কার্যক্রম পরিচালনার জন্য অধিভুক্তি নবায়নের কমিটিঃ

- ক. উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা - সভাপতি।
- খ. সহকারী পরিচালক, পরিবার পরিকল্পনা - সদস্য।
- গ. সহকারী পরিচালক, (সিসি) - সদস্য।
- ঘ. মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি), সদর/ সংশ্লিষ্ট উপজেলা - সদস্য।
- ঙ. উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সদর/ সংশ্লিষ্ট উপজেলা - সদস্য সচিব।

খ) সিটি কর্পোরেশন/পৌরসভা/ইউনিয়নে অসরকারী সংস্থাকে পরিবার পরিকল্পনা অধিদপ্তরের সিবিডি/ ক্লিনিক্যাল কার্যক্রম পরিচালনার জন্য অধিভুক্তি নবায়নের ক্ষেত্রে সুপারিশ করার সময় নিম্নোক্ত কমিটি সংশ্লিষ্ট অসরকারী সংস্থার কার্যক্রম সরেজমিনে পরিদর্শনপূর্বক প্রতিবেদন দাখিল করবেনঃ

❖ উপজেলা পর্যায়ে অবস্থিত পৌরসভা এবং ইউনিয়নে ক্লিনিক্যাল কার্যক্রম পরিচালনার জন্য অধিভুক্তি নবায়নের কমিটিঃ

- ক. উপজেলা নির্বাহী কর্মকর্তা - সভাপতি ।
- খ. উপজেলা/থানা পরিবার পরিকল্পনা কর্মকর্তা - সদস্য
- গ. সহকারী পরিবার পরিকল্পনা কর্মকর্তা - সদস্য
- ঘ. সহকারী পরিবার কল্যাণ কর্মকর্তা (এমসিএইচ-এফপি) - সদস্য
- ঙ. মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি), সংশ্লিষ্ট উপজেলা - সদস্য সচিব ।

❖ সিটি কর্পোরেশন এবং জেলা সদরে অবস্থিত পৌরসভায় ক্লিনিক্যাল কার্যক্রম পরিচালনার জন্য অধিভুক্তি নবায়নের কমিটি :

- ক. উপ-পরিচালক , পরিবার পরিকল্পনা - সভাপতি ।
- খ. সহকারী পরিচালক , পরিবার পরিকল্পনা - সদস্য ।
- গ. সহকারী পরিচালক, (সিসি) - সদস্য ।
- ঘ. উপজেলা/থানা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সদর ।
- ঙ. মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি), সদর - সদস্য সচিব ।

১১। সংশ্লিষ্ট জেলার উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা অধিভুক্তি নবায়নের জন্য আবেদনকারী সংস্থাটির প্রেরিত আবেদনপত্র অধিভুক্তি নবায়ন নীতিমালা অনুযায়ী সকল কাগজপত্র (আবেদন ফরমেটসহ) সংযুক্ত করে অধিভুক্তি নবায়নের পক্ষে/বিপক্ষে সুস্পষ্ট মতামতসহ অগ্রায়ন পত্র প্রেরণ করবেন। এছাড়াও ক্লিনিক্যাল কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে অধিভুক্তি নবায়নের জন্য উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা সংশ্লিষ্ট জেলার জেলা টেকনিক্যাল কমিটির সভার কার্যবিবরণীসহ অগ্রায়ন পত্রে সংযুক্ত সকল কাগজ পত্রের তালিকা উল্লেখ করে মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর বরাবর প্রেরণ করবেন।

১২। অধিভুক্তি প্রাপ্তির পর সংস্থাটিকে প্রতি ০২ (দুই) বছর পর পর অধিভুক্তি নবায়ন করতে হবে। এ ক্ষেত্রে বর্ষ-পুঞ্জির পরিবর্তে আর্থিক বছর (জুলাই - জুন) গণ্য করা হবে। পরিবার পরিকল্পনা অধিদপ্তরের সাথে অধিভুক্তিহীন বা মেয়াদ-উত্তীর্ণ কোন সংস্থা বরাবর কোন ঔষধ বা জন্মনিয়ন্ত্রণ সামগ্রী সরবরাহ করা যাবে না। তবে কর্মসূচীর স্বার্থে এবং বিশেষ ক্ষেত্রে উপ-পরিচালক, পরিবার পরিকল্পনার অনুমোদন সাপেক্ষে নূন্যতম ৩ মাস পর্যন্ত ঔষধ বা জন্মনিয়ন্ত্রণ সামগ্রী সরবরাহ করা যেতে পারে।

১৩। অধিভুক্তি প্রাপ্ত সংস্থা তার কার্যক্রমের মাসিক প্রতিবেদন পরিবার পরিকল্পনা অধিদপ্তরের প্রযোজ্য এমআইএস ফরম পূরণপূর্বক সংশ্লিষ্ট উপজেলার উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়ে প্রেরণ করবে।

১৪। পরিবার পরিকল্পনা অধিদপ্তরের সাথে অধিভুক্ত সকল অসরকারী সংস্থাকে রোগী কিংবা ক্লায়েন্ট সরকারী সেবা কেন্দ্র (MCWC,UHC,UH&FWC) অথবা এ অধিদপ্তরের সাথে অধিভুক্ত ক্লিনিক বা সেবা কেন্দ্র প্রেরণ/রেফার করতে হবে।

১৫। দীর্ঘ ও স্থায়ী পদ্ধতি (LAPM) সেবা প্রদানকারী অসরকারী সংস্থাকে স্থানীয় পর্যায় হতে প্রজেকশন দেওয়া যাবে। যে সকল অসরকারী সংস্থা ইমপ্রেস্ট ফান্ড গ্রহণ করবে, সে সকল সংস্থাকে সরকারী নীতিমালা অনুযায়ী ব্যয় নির্বাহ করতে হবে। এক্ষেত্রে ক্লায়েন্ট ও রেফারকারীকে কোন অতিরিক্ত/অগ্রীম ভাতা প্রদান করা যাবে না। পরিবার পরিকল্পনা পদ্ধতির জন্য প্রদত্ত ভাতার হার সম্মিলিত তালিকা দৃশ্যমান স্থানে টাঙানো/প্রদর্শনের ব্যবস্থা থাকতে হবে।





১৬। অসরকারী সংস্থাকে পরিবার পরিকল্পনা অধিদপ্তরের প্রদত্ত নীতিমালা অনুসরণপূর্বক কার্যক্রম পরিচালনা করতে হবে। তবে কোন সংস্থার বিরুদ্ধে কোন অভিযোগ উত্থাপিত হলে অধিদপ্তর তদন্ত পরিচালনা করে নবায়নের বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করতে পারবে। এক্ষেত্রে মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর চূড়ান্ত ক্ষমতা সংরক্ষণ করেন।

এ আদেশ জারীর তারিখ হতে অত্র অধিদপ্তর কর্তৃক এতদসংক্রান্ত পূর্বের প্রজ্ঞাপন অকার্যকর বলে গণ্য হবে।



কাজী মোস্তফা সারোয়ার

মহাপরিচালক

পরিবার পরিকল্পনা অধিদপ্তর

ফোন : ৯১১৮৯০৩

স্মারক নং: পপঅ/পরি/এনজিও নীতিমালা /০১/০৪/ ৩৬৯/২(৯৬৬০) তারিখ : ২২/০৭/২০২৭খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

- ১। পরিচালক/ লাইন ডাইরেক্টর (সকল) অত্র অধিদপ্তর।
- ২। বিভাগীয় পরিচালক, পরিবার পরিকল্পনা (সকল).....বিভাগ।
- ৩। জেলা প্রশাসক ও সভাপতি জেলা পরিবার পরিকল্পনা কমিটি (সকল), জেলা।
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা/ স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৫। সিভিল সার্জন ও সভাপতি জেলা টেকনিক্যাল কমিটি (সকল) জেলা।
- ৬। উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা, (সকল).....জেলা।
- ৭। সহকারী পরিচালক (পঃ পঃ)/সহকারী পরিচালক(সিসি),(সকল)..... জেলা।
- ৮। রিজিওনাল কনসালটেন্ট ও জেলা কনসালটেন্ট (এফপিসিএসটিকিউআইটি) (সকল).....।
- ৯। উপজেলা নির্বাহী কর্মকর্তা (সকল) উপজেলা..... জেলা.....।
- ১০। থানা / উপজেলা পরিদায় পরিকল্পনা কর্মকর্তা / মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি)(সকল), উপজেলাজেলা।
- ১১। নির্বাহী পরিচালক,।
- ১২। জনাব.....।
- ১৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, অত্র অধিদপ্তর।
- ১২। অফিস কপি।



(এ কে এম মাহবুবুর রহমান জায়গদার)

যুগ্ম-সচিব

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

পরিচালক (পরিকল্পনা) ও

লাইন ডাইরেক্টর (PME)

ফোন : ৯১৪২২৯৩

g-mail: dirplandfp@gmail.com